সংবাদ

তারিখ . . 26 JUL 2017 . . .
পৃষ্ঠা . . . ৫ . . কলাম . . ৩ . . . . .

# বদলগাছীতে ৭শ' গাছ রোপণ

**প্রতিনিধি, বদলগাছী (নওগাঁ)**

বদলগাছী উপজেলায় প্রাথমিক শিক্ষা অফিসসহ ৮ ইউনিয়নের সব প্রাথমিক স্কুলে ৭ শত গাছ রোপণ করা হয়েছে।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের সিধান্ত অনুযায়ী বদলগাছী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে গত রোববার বদলগাছী উপজেলা চত্তরে গাছ রোপণ করে এ প্রকল্পের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার মো. হুসাইন শওকত।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান স.ম ফজলুল হক, উপজেলা শিক্ষা অফিসার ছানাউল হাবিব, বন কর্মকর্তা সহিদুল ইসলামসহ প্রাথমিক শিক্ষা অফিসের অনান্য কর্মকর্তা ও কর্মচারীরা। গত রোববার ১২টা থেকে ১টা পর্যন্ত উপজেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা, অফিস সহকারী, পিওন এলাকার সব স্কুলে ও পার্শ্বে রাস্তায় এই গাছ রোপণ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| [illegible] | |
| [illegible] | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর